

আনন্দবাজার পত্রিকা অনলাইন

২১ জুলাই ২০২৩

প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ ~ দেশ বিদেশ সম্পাদকের পাতা ~ খেলা ~ বিনোদন জীবন + ধারা ~ ভিডিয়ো

আরও

Anandabazar / India / Two Central ministry is evading responsibilities about doing the DNA test of ashes of Subhas Chandra Bose

Subhas Chandra Bose

সুভাষের চিতাভস্মের ডিএনএ পরীক্ষা নিয়ে চাপানউতর, দায় এড়াচ্ছে মোদীর দুই মন্ত্রক

টোকিয়ার রেনকোজি মন্দির থেকে সুভাষচন্দ্রের চিতাভস্ম ফিরিয়ে ডিএনএ পরীক্ষার আবেদন জানিয়ে রাজ্যসভার তৃণমূল সাংসদ জহর সরকার চিঠি লিখেছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে।



সুভাষচন্দ্র বসু।—ফাইল চিত্র।

অগ্নি রায়

📍 নয়াদিল্লি 🕒 শেষ আপডেট: ০১ জুলাই ২০২৩ ০৬:২৭

Share: [f](#) [<](#) Save: [📌](#)

যে কোনও বিষয় নিয়েই 'সামগ্রিক ঐক্য' বজায় রেখে কাজ করে মোদী সরকার। কেন্দ্রের বিভিন্ন মন্ত্রকের মধ্যে কোনও পাঁচিল নেই, যেটা নাকি ছিল মনমোহন সরকারের সময়ে। ধারাবাহিক ভাবে এমন দাবিই করে থাকেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কিন্তু সম্প্রতি স্পষ্ট হয়ে উঠল, বিদেশ মন্ত্রক এবং স্বরাষ্ট্র মন্ত্রকের মধ্যে দায় ঠেলাঠেলির ছবি। সরকারের দুই গুরুত্বপূর্ণ মন্ত্রী এস জয়শঙ্কর এবং অমিত শাহের মন্ত্রক কথা বলছে সম্পূর্ণ বিপরীত অভিমুখে। যে বিষয়টি নিয়ে একে অন্যের ঘাড়ে দায় ঠেলা হচ্ছে, তা সুভাষচন্দ্র বসুর তথাকথিত চিতাভস্ম ফিরিয়ে এনে ডিএনএ পরীক্ষা করানোর মতো দেশবাসীর কাছে অত্যন্ত স্পর্শকাতর একটি বিষয়।

Advertisement

ADVERTISEMENT

x

টোকিয়োর রেনকোজি মন্দির থেকে সুভাষচন্দ্রের চিতাভস্ম ফিরিয়ে ডিএনএ পরীক্ষার আবেদন জানিয়ে রাজ্যসভার তৃণমূল সাংসদ জহর সরকার চিঠি লিখেছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে। তাঁর মন্ত্রকের তরফে সাংসদকে জানিয়ে দেওয়া হয়, বিষয়টি বিদেশ মন্ত্রকের এক্সিয়ারের মধ্যে পড়ে। এর পরে ফের তিনি চিঠি লেখেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্করকে। এ বার জয়শঙ্করের পাল। তিনি উত্তর দেন, এটি স্বরাষ্ট্র মন্ত্রকের কাজ, তাঁর নয়! আবার এক রাউন্ড করে প্রথমে স্বরাষ্ট্র মন্ত্রক এবং পরে এস জয়শঙ্করকে আবেদন করেন নাছোড়বান্দা প্রাক্তন এই সরকারি আমলা তথা বর্তমান সাংসদ। শেষে কিছুটা ভিত্তিবিরক্ত স্বরেই গত ১৮ জুন (জহরবাবুর এই চিঠি লেখা শুরু হয়েছিল গত বছরে শেষের দিকে) বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর জহরবাবুরকে লেখেন, ‘এই বিষয়ে আমাদের মন্ত্রকের কোনও তথ্যই দেওয়ার নেই। আবার জানাচ্ছি, এই বিষয়টি অতীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকই সামলেছে। এমনকি তা সংসদে এলেও।’ অথচ এপ্রিল মাসে জহরবাবুর চিঠির জবাবে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের এক কর্তা অজয়কুমার চক্রবর্তী জানাচ্ছেন, তিনি বিষয়টি সম্পর্কে তথ্য সংশ্লিষ্ট সাংসদকে জানানোর জন্য অনুরোধ করেছেন বিদেশ মন্ত্রককে। এর আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই-ও জহরের চিঠির জবাবে সুভাষের অন্তর্ধান নিয়ে তৈরি প্রাক্তন কমিটিগুলির কথা বলেন। তার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সুভাষচন্দ্রের ফাইলগুলি প্রকাশ্যে নিয়ে আসার কথা বলে দায় সারেন।

ভারতের স্বাধীনতার ৭৬তম বর্ষ পালনের দিনেই সুভাষ-কন্যা অনিতা পাফ দাবি জানিয়েছিলেন, চিতাভস্মের ডিএনএ পরীক্ষা করা হোক। জার্মানি নিবাসী অনিতা একটি সংবাদ সংস্থাকে বলেছিলেন, “অনেকেই তো বিশ্বাস করেন, ওই চিতাভস্ম সুভাষচন্দ্রের। আজ বিজ্ঞান অনেক উন্নত। চিতাভস্ম থেকে নিশ্চিত হওয়া সম্ভব সোঁটি ভারতের মহান স্বাধীনতা সংগ্রামী সুভাষচন্দ্র বসুর কি না।”

(সবচেয়ে আগে সব খবর, টিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [Twitter](#) এবং [Instagram](#) পেজ)

[Subhas Chandra Bose](#) [Ministry of Home Affairs](#) [Ministry of Foreign Affairs](#)

Follow us on: [f](#) [t](#) [@](#) [v](#) Save: [b](#)

Advertisement



Advertisement



Modular Kitchens starting at 1.75 Lakhs

HomeLane | Sponsored

Get Quote

Her Blood Is Killing Her, & Her Poor Mother Is Out Of Funds

Ketto | Sponsored

Learn More

Luxury Sofa Beds Selling For Nearly Nothing In Andulia

Sofa Bed | Search Ads | Sponsored

Dubai Villa Prices Might Surprise You

Dubai Villa | Search Ads | Sponsored

Electric Bike Prices In 2023 Might Surprise You!

E-Bike Deals | search ads | Sponsored

Andulia New Solar Light Clearance Sale: Price That Will Take Your Breath Away

Solar Light | Search Ads | Sponsored

Andulia: Smart Beds Clearance Sale: Prices In Mexico Might Surprise You

Smart Beds In Mexico | Search Ads | Sponsored

ADVERTISEMENT

